রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১, ২০২৩

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

### বাংলাদেশ সুপ্রীম কোর্ট
### আপীল বিভাগ, ঢাকা
### (প্রশাসন শাখা)

**অফিস আদেশ**

তারিখ: ১২ মাঘ ১৪২৯/২৬ জানুয়ারি ২০২৩

নং **৩২৩(এ)/২০২৩ এসসি(এডি)**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তার চাকুরী তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদ ও তারিখ হতে স্থায়ী করা হলো।

| ক্রঃ/নং | নাম ও পদবি | বিভাগীয় পদোন্নতির পদ ও তারিখ | চাকুরী স্থায়ীকরণের পদ ও তারিখ |
|---|---|---|---|
| ০১। | জনাব সঞ্জিব কুমার মিত্র, জুডিসিয়াল এসিসট্যান্ট | জুডিসিয়াল এসিসট্যান্ট ২৮-০৮-২০১৭ খ্রি. | জুডিসিয়াল এসিসট্যান্ট ২৮-০৮-২০১৭ খ্রি. |

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র আদেশ জারী করা হলো।

প্রধান বিচারপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেহেদী হাসান**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও অর্থ) (ভাঃ)।

---

### দুর্নীতি দমন কমিশন
### প্রধান কার্যালয়

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ জানুয়ারি ২০২৩

নং **০৪.০১.০০০০.১০৪.১৫.১৩৫.১৭-২৯৩০(১২)**—দুর্নীতি দমন কমিশনের নিম্নবর্ণিত কর্মকর্তাকে Australian National University in Australia এ "Doctor of Philosophy" বিষয়ে অধ্যয়নের জন্য অংশগ্রহণের নিমিত্ত নিম্নোক্ত ছকের ০৩ নং কলামে উল্লিখিত সময়ের জন্য দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপপরিচালক) নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, বর্তমান পদবী ও কর্মস্থল | বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপপরিচালক) হিসেবে নিয়োগের মেয়াদ |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| ০১ | জনাব এ এস এম সাজ্জাদ হোসেন<br>উপপরিচালক (মানিলন্ডারিং)<br>দুর্নীতি দমন কমিশন<br>প্রধান কার্যালয়, ঢাকা। | ১৩-০২-২০২৩ হতে ১২-০২-২০২৭ তারিখ পর্যন্ত |

২। দুর্নীতি দমন কমিশনের স্মারক নম্বর ০০.০১.০০০০. ১০৩. ০৪.০০১.২১.৫৪৩, তারিখ ২২-০৮-২০২১ খ্রি. মূলে জারীকৃত অফিস আদেশের মর্ম অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তা ১৩-০২-২০২৩ তারিখের পূর্বে তার নিকট রক্ষিত সকল নথিপত্র নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট বুঝিয়ে দিবেন। নথিপত্র বুঝে নিয়ে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্মকর্তা লিখিতভাবে সংশ্লিষ্ট মহাপরিচালক-কে অবহিত করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল**
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

---

### খাদ্য অধিদপ্তর
### তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ জানুয়ারি ২০২৩

নং **১৩.০১.০০০০.০৩৩.২৭.১০৫.২১.৯৮**—যেহেতু, জনাব গাজী মোঃ শফিকুল, খাদ্য পরিদর্শক (সাময়িক বরখাস্ত), সাবেকপাড়া এলএসডি, গাবতলী, বগুড়া, প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সাবেকপাড়া এলএসডি, গাবতলী, বগুড়ায় কর্মকালে গত

২৯-০৫-২০২০ খ্রি. আনুমানিক সকাল ১০.০০ ঘটিকায় সাবেকপাড়া এলএসডি ক্যাম্পাসের সম্মুখ হতে ১ (এক) টি ট্রাকে ৩০০ বস্তায় ১৫.০০০ মে. টন চাল অবৈধভাবে অজ্ঞাতনামা ব্যক্তিদের নিকট বিক্রয় করে পাচারকালে পুলিশ কর্তৃক তাকে এবং ১ (এক) জন নিরাপত্তা প্রহরীকে আটক করা হয়; এবং

যেহেতু, তার অনিয়ম ও দুর্নীতির বিষয়টি বিবেচনা করে দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বগুড়া কর্তৃক ৩০-০৫-২০২০ খ্রি. ০৬ নম্বর মামলা দায়ের করা হয়। যাতে তার কর্তৃক অপকৌশলের মাধ্যমে আত্মসাৎ করে সরকারের ক্ষতি সাধনের অপপ্রয়াসে সজ্ঞানে লিপ্ত থাকার বিষয়টি প্রতীয়মান হয়; এবং

যেহেতু, তার কর্মকালীন সাবেকপাড়া এলএসডি, গাবতলী, বগুড়ার ১৪-০৩-২০১৯ খ্রি. হতে ৩১-০৫-২০২০ খ্রি. পর্যন্ত সময়ের বিশেষ নিরীক্ষা প্রতিবেদনের ১নং আপত্তি অনুযায়ী, গুদামে ৫০ কেজি ধারণক্ষম বস্তার মজুত যাচাইকালে ১,৮৯৪ খানা খালি বস্তা কম মজুত পাওয়া যায়। ফলে সরকারের ১,৫১,৫২০/- (এক লাখ একান্ন হাজার পাঁচশত বিশ টাকা) আর্থিক ক্ষতি সাধিত হয় (৫০ কেজি ধারণক্ষম প্রতিটি বস্তার অর্থনৈতিক মূল্য ৮০ টাকা হিসেবে); এবং

যেহেতু, বিশেষ নিরীক্ষা প্রতিবেদনের ৬নং আপত্তি অনুযায়ী, নিয়ম বহির্ভূতভাবে বৈধ আদেশ ছাড়া গুদাম হতে ৩০০ বস্তায় ১৫.০০০ মে. টন চাল অন্যত্র স্থানান্তরকালে পুলিশ কর্তৃক জব্দ করা হয় এবং আটককৃত চালের বিষয়ে তিনি বৈধ কোন আদেশ/কাগজপত্র উপস্থাপন করতে পারেননি। ফলে সরকারের ৬,৮০,৬৪১.১১ (ছয় লাখ আশি হাজার ছয়শত একচল্লিশ দশমিক এক এক) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয় (প্রতি মে. টন চালের অর্থনৈতিক মূল্য ৪৩,৭৭৬.০৭৪ টাকা এবং ৫০ কেজি ধারণক্ষম বস্তার অর্থনৈতিক মূল্য ৮০ টাকা হিসেবে); এবং

যেহেতু, তিনি (১,৫১,৫২০ + ৬,৮০,৬৪১.১১) টাকা = ৮,৩২,১৬১,১১ টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধন করেছেন, যা দন্ডমূলক দ্বিগুণহারে ১৬,৬৪,৩২২.২২ (ষোল লাখ চৌষট্টি হাজার তিনশত বাইশ দশমিক দুই দুই) টাকা আপনার নিকট হতে আদায়যোগ্য; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্তৃক বিভাগীয় মামলার জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনার পরিপ্রেক্ষিতে বিগত ১৪-০৬-২০২২ খ্রি. তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ঘটনা প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপণের সম্ভাবনা থাকায় ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্ত করার জন্য খাদ্য অধিদপ্তরের ২৬-০৬-২০২২ খ্রি. এর ১৩.০১.০০০০.০৩৩.২৭. ১০৫.২১.৪৩৪ নং স্মারকে জনাব আলমগীর কবির, জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), নওগাঁকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৪-০৮-২০২২ খ্রি. এর ১৩.০১.৬৪০০.০০১.০৪.০০১.২২.২২৪১ নং স্মারকে দাখিলকৃত প্রতিবেদনে জনাব গাজী মোঃ শফিকুল এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করে দেখা যায়, অভিযুক্তের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার অভিযোগনামায় উল্লিখিত বিশেষ নিরীক্ষা প্রতিবেদনের ৬নং আপত্তি অনুযায়ী, নিয়ম বহির্ভূতভাবে বৈধ আদেশ ছাড়া গুদাম হতে ৩০০ বস্তায় ১৫.০০০ মে. টন চাল অন্যত্র স্থানান্তর করে আত্মসাতের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি। তিনি ভুলক্রমে ৩০ কেজির বস্তাকে ৫০ কেজির বস্তা হিসেবে লিপিবদ্ধ করেছেন, যাতে তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। এছাড়া ঘাটতিকৃত ১৮৯৪ খানা খালিবস্তার মধ্যে ১০২৫ খানা বস্তা কাঁচা রশিদের মাধ্যমে চাল সংগ্রহের উদ্দেশ্যে ৫ জন মিলারের মধ্যে বিতরণ করেছেন মর্মে তিনি দাবি করলেও তা প্রমাণে ব্যর্থ হয়েছেন। এছাড়া কাঁচা রশিদের মাধ্যমে চাল সংগ্রহের উদ্দেশ্যে মিলারের নিকট বস্তা বিতরণ বিধি বহির্ভূত। তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র বিশ্লেষণে উক্ত ১০২৫ খানা বস্তা তিনি আত্মসাৎ করেছেন। এতে তার বিরুদ্ধে আনীত দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তিনি ৩০ কেজি ধারণক্ষম ১০২৫ খানা বস্তা আত্মসাৎ করায় সরকারের (১০২৫×৬০) টাকা = ৬১৫০০ টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে (প্রতি পিস ৩০ কেজি ধারণক্ষম খালি বস্তার মূল্য ৬০ টাকা হিসেবে), যা দণ্ডমূলক দ্বিগুণহারে (৬১৫০০×২) টাকা= ১,২৩,০০০/- (এক লাখ তেইশ হাজার টাকা) তার নিকট হতে আদায়যোগ্য; এবং

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি ক্ষতি বাবদ আত্মসাতকৃত ১,২৩,০০০/- (এক লাখ তেইশ হাজার টাকা) তার নিকট হতে আদায়পূর্বক অভিযুক্তকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩(ঘ) অনুযায়ী চাকরি হতে 'বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণপূর্বক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। অভিযুক্ত গত ২০-১১-২০২২ খ্রি. দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; এবং

সেহেতু, অভিযোগ বিবরণী, অভিযুক্তের বিভাগীয় মামলার জবাব, তদন্ত প্রতিবেদন ও অভিযুক্তের দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (খ) ও (ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় জনাব গাজী মোঃ শফিকুল, খাদ্য পরিদর্শক (সা.ব.), সাবেকপাড়া এলএসডি, গাবতলী, বগুড়া, প্রাক্তন ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাবেকপাড়া এলএসডি, গাবতলী, বগুড়া এর বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলাটি ন্যায় বিচারের স্বার্থে নিম্নোক্তভাবে আদেশ প্রদান করে নিষ্পত্তি করা হলো;

(ক) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী তাকে বেতন গ্রেডের নিম্নতর ধাপে ৩ (তিন) বছরের জন্য অবনমিতকরণের আদেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য হবেন না;

(খ) তিনি সরকারি ক্ষতির দণ্ডমূলক দ্বিগুণহারে ১,২৩,০০০/- (এক লাখ তেইশ হাজার টাকা) আদেশ জারির তিন মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করবেন। অন্যথায় সরকারি বিধি অনুযায়ী আদায় করতে হবে; এবং

(গ) ফৌজদারি মামলা নিষ্পত্তির পর তার সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।

এ আদেশ তার চাকরি বিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।

**মোঃ শাখাওয়াত হোসেন**
মহাপরিচালক (গ্রেড-১)।

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়**

**(আইন শাখা)**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ জানুয়ারি ২০২৩

নং **বিআরটিএ/১৬এ (অংশ-১)/২০১৫-৮১৫**—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ২৭ ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে ঢাকা মেট্রো যাত্রী ও পণ্য পরিবহন কমিটি পুনর্গঠন করা হলো :

| | |
|---|---|
| | **চেয়ারম্যান** |
| ০১ | কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। |
| | **ভাইস চেয়ারম্যান** |
| ০২ | অতিরিক্ত নির্বাহী পরিচালক, ডিটিসিএ। |
| | **সদস্যবৃন্দ** |
| ০৩ | বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ এর প্রতিনিধি |
| ০৪ | অতিরিক্ত পুলিশ কমিশনার (ট্রাফিক), ডিএমপি, ঢাকা। |
| ০৫ | যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-দক্ষিণ)/ (ট্রাফিক-উত্তর), ডিএমপি, ঢাকা। |
| ০৬ | উপ-সচিব, বিআরটিএ সংস্থাপন শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ০৭ | পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা। |
| ০৮ | পরিচালক (রোড সেফটি), বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা। |
| ০৯ | ডিসি (ট্রাফিক), ডিএমপি (সকল)। |
| ১০ | ঢাকা উত্তর সিটি করপোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি। |
| ১১ | ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি। |
| ১২ | বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশন (বিআরটিসি) এর একজন প্রতিনিধি। |
| ১৩ | সহকারী পরিচালক (ইঞ্জিঃ), ঢাকা মেট্রো সার্কেল-১, ২, ৩ ও ঢাকা জেলা সার্কেল, ঢাকা। |
| ১৪ | ঢাকা চেম্বার (ডিসিসিআই) এর একজন প্রতিনিধি। |
| ১৫ | জনাব খন্দকার এনায়েত উল্যাহ, পিতা: মৃত-ওবায়দুল হক খন্দকার, মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি (যাত্রীবাহী সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি)। |
| ১৬ | জনাব মো: রুস্তম আলী খান, পিতা: মৃত-জয়নাল, কার্য্যকরী সভাপতি, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি (মালবাহী সড়ক পরিবহন মালিক সমিতির প্রতিনিধি)। |
| ১৭ | জনাব বীর মুক্তিযোদ্ধা ওসমান আলী, পিতা: মৃত-মফিজ উদ্দিন সরদার, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন (পণ্যবাহী সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন এর প্রতিনিধি)। |
| ১৮ | জনাব বীর মুক্তিযোদ্ধা ছাদিকুর রহমান হিরু, পিতা: মৃত-আবদুল কাদির, সভাপতি, ঢাকা জেলা বাস মিনিবাস সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন (যাত্রীবাহী সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন এর প্রতিনিধি)। |
| ১৯ | জনাব কাজী মো: সাইফুন নেওয়াজ, পিতা: মো: কাজী শাহ নেওয়াজ, সহকারী অধ্যাপক, এক্সিডেন্ট রিসার্স ইনস্টিটিউট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (সুশীল সমাজ/নাগরিক সমাজের প্রতিনিধি)। |
| ২০ | জনাব ড. আফসানা হক, পিতা: মো: আজমল হক, ঠিকানা: ফ্ল্যাট নং-৮এ, বাড়ী নং-১৭৪১, শান্তিনিকেতন রোড, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২ (নারী সমাজের প্রতিনিধি)। |
| ২১ | জনাব রমেশ চন্দ্র ঘোষ, পিতা: স্বর্গীয় অবিনাশ চন্দ্র ঘোষ, চেয়ারম্যান, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন (বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন এর প্রতিনিধি)। |
| ২২ | জনাব মির্জা হামিদুল ইকবাল, পিতা: মো: আবদুল হামিদ, সভাপতি, ঢাকা থ্রি-হুইলার অটোরিক্সা মালিক গ্রুপ, (থ্রি-হুইলার ওনার্স এসোসিয়েশন এর প্রতিনিধি)। |
| ২৩ | জনাব মোহাম্মদ হানিফ খোকন, পিতা: মৃত-ডা: কে. সি চৌধুরী, সাধারণ সম্পাদক, ঢাকা অটোরিক্সা শ্রমিক ইউনিয়ন (থ্রি-হুইলার শ্রমিক সংগঠন এর প্রতিনিধি)। |
| | **সদস্য-সচিব** |
| ২৪ | পরিচালক (ইঞ্জিনিয়ারিং), বিআরটিএ, ঢাকা বিভাগ। |

২। এ কমিটি সড়ক পরিবহন আইন, ২০১৮-তে বর্ণিত এবং সময়ে সময়ে সরকারি প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটির বেসরকারি সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত বহাল থাকবে।

৪। গঠিত কমিটিকে ৩ (তিন) মাসে কমপক্ষে একবার সভা করে তার কার্যবিবরণী চেয়ারম্যান, বিআরটিএ বরাবর প্রেরণ করতে হবে।

**নুর মোহাম্মদ মজুমদার**
চেয়ারম্যান।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ জানুয়ারি ২০২৩

নং **বিআরটিএ/৬৬এ/৯৩-৮১৪**—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ২৭ ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নলিখিত ব্যক্তিবর্গের সমন্বয়ে খুলনা মেট্রোপলিটন যাত্রী ও পণ্য পরিবহন কমিটি পুনর্গঠন করা হলো ঃ

| | |
|---|---|
| | **চেয়ারম্যান** |
| ০১ | পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা। |
| | **সদস্যবৃন্দ** |
| ০২ | বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ এর প্রতিনিধি। |
| ০৩ | ডিসি (ট্রাফিক), খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা। |
| ০৪ | খুলনা সিটি করপোরেশন এর ট্রাফিক ইঞ্জিনিয়ারিং বিভাগের একজন প্রতিনিধি। |
| ০৫ | সহকারী পরিচালক, বিআরটিএ, খুলনা মেট্রো সার্কেল। |

| | |
|---|---|
| ০৬ | জনাব আব্দুল গফফার বিশ্বাস, সভাপতি, খুলনা মোটরবাস মালিক সমিতি, ফেরিঘাট বাস টার্মিনাল, খুলনা (যাত্রীবাহী সড়ক পরিবহন মালিক সমিতি এর প্রতিনিধি)। |
| ০৭ | জনাব শেখ অহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক, খুলনা জেলা ট্রাক ট্যাংলরী, কভার্ডভ্যান মালিক সমিতি (মালবাহী সড়ক পরিবহন মালিক সমিতি এর প্রতিনিধি)। |
| ০৮ | জনাব মো: কাজী শহিদুল ইসলাম, যুগ্ম সম্পাদক, খুলনা মোটর শ্রমিক ইউনিয়ন, খুলনা (যাত্রীবাহী সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন এর প্রতিনিধি)। |
| ০৯ | জনাব আব্দুর রহিম বকস্ (দুদু), সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন-খুলনা বিভাগীয় আঞ্চলিক কমিটি (মালবাহী সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন এর প্রতিনিধি)। |
| ১০ | জনাব আলহাজ্ব চ:ম মজিবুর রহমান, চাকলাদার বাড়ী ১১/১, শহিদ আবুল সড়ক শেখপাড়া, সোনাডাঙ্গা মডেল থানা-৯১০০ (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)। |
| ১১ | জনাব মোঃ আলী আকবর টিপু, ১৩৬, বসুপাড়া মেইন রোড, সোনাডাঙ্গা, খুলনা (যানবাহন ব্যবসার বহির্ভূত গণ্যমান্য ব্যক্তি)। |
| **সদস্য-সচিব** | |
| ১২ | পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, খুলনা বিভাগ। |

২। এ কমিটি সড়ক পরিবহন আইন, ২০১৮-তে বর্ণিত এবং সময়ে সময়ে সরকারি প্রজ্ঞাপন দ্বারা অর্পিত দায়িত্ব পালন ও বিধিবদ্ধ ক্ষমতা প্রয়োগ করবেন।

৩। এ কমিটির বেসরকারি সদস্যদের কার্যকাল দায়িত্বভার গ্রহণের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত বহাল থাকবে।

৪। গঠিত কমিটিকে প্রতি ৩ (তিন) মাসে কমপক্ষে একবার সভা করে তার কার্যবিবরণী চেয়ারম্যান, বিআরটিএ বরাবর প্রেরণ করতে হবে।

**নুর মোহাম্মদ মজুমদার**
চেয়ারম্যান।

---

**বাংলাদেশ টেলিভিশন**
**সদর দপ্তর**

**নিয়োগ আদেশাবলী**

তারিখ: ১৯ মাঘ ১৪২৯/০২ ফেব্রুয়ারি ২০২৩

নং **বিটিভি/প্রশাসন-১০/নিয়োগ(অংশ-৪)/২৭৩**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৩-০৭-২০২২ তারিখের নং ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৫১৮.২০২২-১৫২ সংখ্যক পত্রের সুপারিশ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৫-০১-২০২৩ তারিখের নং ১৫.০০.০০০০.০২৩.১১.০১১.২২-২০ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীকে বাংলাদেশ টেলিভিশনে উপসহকারী প্রকৌশলী (অস্থায়ী) (১০ম গ্রেড) জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ৳. ১৬০০০—৩৮৬৪০/- স্কেলভুক্ত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা ও সুবিধাদিসহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম. | নাম, রেজি: নং এবং পিতা-মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদের নাম ও বেতনস্কেল |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: সাইফুল ইসলাম রেজি:০০০০৪৭ পিতা: মৃত মো: আজগর আলী মাতা: আয়েশা বেগম | গ্রাম: দড়িকান্দি পো: গৌরীপুর-৩৫১৭ উপজেলা: তিতাস জেলা: কুমিল্লা | গ্রাম: দড়িকান্দি পো: গৌরীপুর-৩৫১৭ উপজেলা: তিতাস জেলা: কুমিল্লা | উপসহকারী প্রকৌশলী ৳. ১৬০০০-৩৮৬৪০/- (জা: বে: স্কেল-২০১৫) |

**শর্তাবলি:**

(ক) বাংলাদেশ টেলিভিশনে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। শিক্ষানবিশকাল সমাপ্তি শেষে অস্থায়ী পদের কর্মচারীদের স্থায়ীকরণে সরকারি বিধি বিধানের আলোকে চাকরি স্থায়ী করা হবে;

(খ) শিক্ষানবিশকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ ঘটাতে পারবেন;

(গ) যোগদানকৃত কর্মচারী ২ বছর শিক্ষানবিস হিসেবে থাকবেন। শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে নিয়োগবিধি ও সরকারি বিধিবিধানের আলোকে তাঁর চাকরি স্থায়ী করা হবে;

(ঘ) চাকরিতে যোগদানের পর তাঁকে প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০ (তিনশত) টাকা মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরৎ দিতে বাধ্য থাকবেন;

(ঙ) যদি তাঁর ইস্তফা নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (গ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরৎ না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে অনুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেংগল এ্যাক্ট নং-৩)- এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন বা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) এই পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না; এবং

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণভাতা/দৈনিকভাতা পাবেন না।

০২। উপরে বর্ণিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ২২-০২-২০২৩ তারিখের মধ্যে মহাপরিচালক বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ এর নিকট যোগদানপত্র পেশ করতে হবে।

০৩। নির্ধারিত সময়ের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

---

নং **বিটিভি/প্রশাসন-১০/নিয়োগ(অংশ-৪)/২৭৪**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১৩-০৭-২০২২ তারিখের নং ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৫১৮.২০২২-১৫২ সংখ্যক পত্রের সুপারিশ এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৫-০১-২০২৩ তারিখের নং ১৫.০০.০০০০.০২৩.১১.০১১.২২-২০ সংখ্যক পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৩ জন প্রার্থীকে বাংলাদেশ টেলিভিশনে উপসহকারী প্রকৌশলী (স্থায়ী) (১০ম গ্রেড) জাতীয় বেতনস্কেল-২০১৫ এর ৳ ১৬০০০—৩৮৬৪০/- স্কেলভুক্ত বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা ও সুবিধাদিসহ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্র.ম. | নাম, রেজিঃ নং এবং পিতা-মাতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | পদের নাম ও বেতনস্কেল |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ সাইদুর রহমান<br>রেজিঃ ০০০১৬৬<br>পিতা: মোঃ আঃ খালেক<br>মাতা: ফুলঝুরি বিবি | গ্রাম: কেদার বাজার<br>পোঃ পদ্ম পুকুর-৯৪৫০<br>উপজেলা: শ্যামনগর<br>জেলা: সাতক্ষীরা | গ্রাম: কেদার বাজার<br>পোঃ পদ্ম পুকুর-৯৪৫০<br>উপজেলা: শ্যামনগর<br>জেলা: সাতক্ষীরা | উপসহকারী প্রকৌশলী<br>৳ ১৬০০০—৩৮৬৪০/-<br>(জাঃ বেঃ স্কেল-২০১৫) |
| ০২ | জনাব আহম্মেদ উল্লাহ<br>রেজিঃ ০০০১৪০<br>পিতা: মোহা: নূহ<br>মাতা: মোসাঃ তোহমিনা বেগম | গ্রাম: জনতা পাড়া<br>পোঃ আমনুরা-৬৩০৩<br>উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | গ্রাম: জনতা পাড়া<br>পোঃ আমনুরা-৬৩০৩<br>উপজেলা: চাঁপাইনবাবগঞ্জ<br>জেলা: চাঁপাইনবাবগঞ্জ | উপসহকারী প্রকৌশলী<br>৳ ১৬০০০—৩৮৬৪০/-<br>(জাঃ বেঃ স্কেল-২০১৫) |
| ০৩ | জনাব শিশির কুমার পাল<br>রেজিঃ ০০০৩২৩<br>পিতা: নিতাই চন্দ্র পাল<br>মাতা: কল্যাণী রানী পাল | গ্রাম: রায়দৌলতপুর<br>পোঃ রায়দৌলতপুর-৬৭৩০<br>উপজেলা: কামারখন্দ<br>জেলা: সিরাজগঞ্জ | গ্রাম: রায়দৌলতপুর<br>পোঃ রায়দৌলতপুর-৬৭৩০<br>উপজেলা: কামারখন্দ<br>জেলা: সিরাজগঞ্জ | উপসহকারী প্রকৌশলী<br>৳ ১৬০০০—৩৮৬৪০/-<br>(জাঃ বেঃ স্কেল-২০১৫) |

**শর্তাবলি:**

ক) বাংলাদেশ টেলিভিশনে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। শিক্ষানবিশকাল সমাপ্তি শেষে অস্থায়ী পদের কর্মচারীদের স্থায়ীকরণে সরকারি বিধি-বিধানের আলোকে চাকরি স্থায়ী করা হবে;

খ) শিক্ষানবিশকালে নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করেন যে তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁর চাকরি অপসারণ ঘটাতে পারবেন;

গ) যোগদানকৃত কর্মচারী ২ বছর শিক্ষানবিশ হিসেবে থাকবেন। শিক্ষানবিশকাল সন্তোষজনক বিবেচিত হলে নিয়োগবিধির শর্তানুযায়ী তাঁর চাকরি স্থায়ী করা হবে;

ঘ) চাকরিতে যোগদানের পর তাঁকে প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০ (তিনশত) টাকা মূল্যের ননজুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বৎসরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন, প্রশিক্ষণ উপলক্ষে ব্যয়িত ভ্রমণ ভাতা ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ সরকারকে ফেরৎ দিতে বাধ্য থাকবেন;

ঙ) যদি তাঁর ইস্তফা নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (গ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরৎ না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তা হলে অনুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (১৯১৩ সালের বেংগল এ্যাক্ট নং-৩)- এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খল ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

চ) চাকরিতে তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে;

ছ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন বা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

জ) এই পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

ঝ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বণ্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না; এবং

ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। উপরে বর্ণিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ২২-০২-২০২৩ তারিখের মধ্যে মহাপরিচালক বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, রামপুরা, ঢাকা-১২১৯ এর নিকট যোগদানপত্র পেশ করতে হবে।

০৩। নির্ধারিত সময়ের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

**ড. সৈয়দা তাসমিনা আহমেদ**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

---

## ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

## আদেশাবলি

তারিখ: ১১ মাঘ ১৪২৯/২৫ জানুয়ারি ২০২৩

নং **৫৮.০৩.০০০০.০০২.১৯.০১৫.২১-১২৬৫(৭৫)**—ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রশাসনিক ও অপারেশনাল কাজে গতিশীলতা আনয়ন ও সুষ্ঠু অফিস ব্যবস্থাপনার স্বার্থে নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/নিয়োগ করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও নিজ জেলা | পরিচিতি নাম্বার | পদবিসহ বর্তমান কর্মস্থল | পদবিসহ বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ মাসুদ সরদার<br>জেলা-সাতক্ষীরা | ৫৫৩৩ | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জামালপুর | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ |

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে। বর্ণিত কর্মকর্তাগণ বিধি মোতাবেক যোগদানকাল ও ভাতাদি প্রাপ্য হবেন।

তারিখ: ০৫ মাঘ ১৪২৯/১৯ জানুয়ারি ২০২৩

নং **৫৮.০৩.০০০০.০০২.১৯.০১৫.২১-১০৪০**—ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরাধীন নিম্নবর্ণিত কর্মকর্তাকে অবসর গ্রহণের সুবিধার্থে তার নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/নিয়োগ করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও নিজ জেলা | পরিচিতি নাম্বার | পদবিসহ বর্তমান কর্মস্থল | পদবিসহ বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ নজরুল ইসলাম<br>জেলা-খুলনা | ৫৫৬৯ | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বগুড়া | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বরিশাল |

০২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে। বর্ণিত কর্মকর্তা বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩

নং **৫৮.০৩.০০০০.০০২.১৯.০১৫.২১-১১৯৩**—ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রশাসনিক কাজে গতিশীলতা আনয়ন ও সুষ্ঠু অফিস ব্যবস্থাপনার স্বার্থে নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/নিয়োগ করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও নিজ জেলা | পরিচিতি নাম্বার | পদবিসহ বর্তমান কর্মস্থল | পদবিসহ বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ আনিসুর রহমান<br>জেলা-পঞ্চগড় | ১৯৬৭ | উপপরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম | উপপরিচালক (অ্যাম্বুলেন্স)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা [অতিরিক্ত দায়িত্ব: উপপরিচালক (উন্নয়ন) |
| ২. | জনাব মোঃ আব্দুল হালিম<br>জেলা-মানিকগঞ্জ | ৫৮৪৪ | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা | উপপরিচালক (চলতি দায়িত্ব)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, চট্টগ্রাম |
| ৩. | জনাব মোঃ আক্তারুজ্জামান<br>জেলা-গাজীপুর | ৫২৩৬ | উপাধ্যক্ষ<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা |
| ৪. | জনাব মোঃ আনোয়ার হোসেন<br>জেলা-কুমিল্লা | ৫৫১৯ | সহকারী পরিচালক (উন্নয়ন)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, অধিদপ্তর, ঢাকা | উপাধ্যক্ষ<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা |
| ৫. | জনাব মোহাম্মদ মামুন<br>জেলা-ঢাকা | ১৪০১ | প্রশিক্ষক (চলতি দায়িত্ব)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা | প্রোগ্রাম অরগানাইজার কাম-এ্যাডজুটেন্ট (চলতি দায়িত্ব)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা |
| ৬. | জনাব শাহ ইমরান<br>জেলা-ঢাকা | ৪৭৪৪ | প্রোগ্রাম অরগানাইজার কাম-এ্যাডজুটেন্ট (চলতি দায়িত্ব)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা<br>(সংযুক্তি: ফায়ার সেফটি সেল) | প্রশিক্ষক (চলতি দায়িত্ব)<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে। বর্ণিত কর্মকর্তাগণ বিধি মোতাবেক যোগদানকাল ও ভাতাদি প্রাপ্য হবেন। ক্রমিক নং-৬ এ বর্ণিত কর্মকর্তার পূর্বের সংযুক্তি আদেশ বহাল থাকবে।

ব্রিগেডিয়ার জেনারেল
**মোঃ মাইন উদ্দিন,** বিএসপি (বার), এনডিসি, পিএসসি, জি, এমফিল
মহাপরিচালক।

---

**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর**

**(প্রশাসন অধিশাখা)**

**আদেশ**

তারিখ: ০৪ মাঘ ১৪২৯/১৮ জানুয়ারি ২০২৩

নং **৪০.০১.০০০০.১০১.৩১.২৮৩.১৬-১৭৩৮**—যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ) (সাময়িক বরখাস্ত), উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর-এ কর্মরত থাকা অবস্থায় উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর এর ৩১-০৩-২০২২ তারিখের ৪০.০১.৮৫০০.০০০.২৭.০০১.২২.৫৫১ নং স্মারক এর মাধ্যমে জানা যায় যে, গত ২৮-০৩-২০২২ তারিখে দুর্নীতি দমন কমিশন কর্তৃক রংপুর টাউন হলে একটি গণশুনানির আয়োজন করা হয়। উক্ত গণশুনানিতে জনৈক মোঃ মোস্তাফিজুর রহমান, পিতা: মৃত জসিম উদ্দিন, গ্রাম: বুজরুক সন্তোষপুর, মিঠাপুকুর, রংপুর তার মানহা ট্রেডিং নামক কারখানার লাইসেন্স ও লে-আউট প্লান অনুমোদন সংক্রান্ত সেবা গ্রহণের জন্য ২৭-০৩-২০২২ তারিখে রংপুর কার্যালয়ে যান এবং জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ) এর সাথে সাক্ষাৎ করেন। গণশুনানিতে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান অভিযোগ করেন যে, জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ) কারখানার লাইসেন্স ও লে-আউট প্লান অনুমোদন সংক্রান্ত সেবা প্রদানের জন্য তার নিকট ৩৫০০০/- (পয়ত্রিশ হাজার টাকা) দাবি করেন এবং লাইসেন্স আবেদন ফরম (ফরম ৭৬ ও ৭৭) বিতরণ বাবদ ১০০ (একশত টাকা) গ্রহণ করেন। গণশুনানিকালে জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ) লাইসেন্স আবেদন ফরম (ফরম ৭৬ ও ৭৭) বিতরণ বাবদ ১০০ (একশত টাকা) গ্রহণের বিষয়টি স্বীকার করেন; এবং

০২। যেহেতু, উক্ত অভিযোগের প্রেক্ষিতে মাননীয় কমিশনার, দুর্নীতি দমন কমিশন বিষয়টি অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর-কে নির্দেশ প্রদান করেন এবং দুর্নীতি দমন কমিশন এর সমন্বিত জেলা কার্যালয়, রংপুর এর গত ২৯-০৩-২০২২ তারিখের স্মারক নং-০০.০১.৮৫০০.৭৭২.৯৯.০০৭.২২-৪৩৮ এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যকরী ব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন দশ কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য উপমহাপরিদর্শক, রংপুর-কে বিশেষভাবে অনুরোধ করেন; এবং

০৩। যেহেতু, লাইসেন্স ও লে-আউট সংক্রান্ত সেবা প্রদানের অর্থ দাবি করা এবং লাইসেন্স ফরম বিতরণ বাবদ ১০০ (একশত টাকা) গ্রহণের বিষয়টি সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ বিবেচিত হওয়ায় গত ২৯-০৩-২০২২ তারিখের রংপুর কার্যালয়ের স্মারক নং-৪০.০১.৮৫০০.০০০.২৭.০০১.২২.৫৪৮ এর মাধ্যমে জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ)-কে উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর কর্তৃক কারণ দর্শানো হয়; এবং

০৪। যেহেতু, কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর ৩০-০৩-২০২২ তারিখে দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুরের ৩১-০৩-২০২২ তারিখের স্মারক নং ৪০.০১.৮৫০০.০০০.২৭.০০১.২২.৫৫১ এর মাধ্যমে উপমহাপরিদর্শক, রংপুর মহাপরিদর্শকের নিকট জনাব তাঁর বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান; এবং

০৫। যেহেতু, তিনি সেবা গ্রহীতার নিকট হতে টাকা গ্রহণের বিষয়টি গণশুনানিকালে মাননীয় কমিশনার, দুর্নীতি দমন কমিশন এর উপস্থিতিতে স্বীকার করেছেন সেহেতু তাঁর এ ধরনের আচরণ অসংগত, চাকরির শৃংখলার জন্য হানিকর, কোনো সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ। তাঁর এ ধরনের আচরণ দুর্নীতি পরায়ণতার সাক্ষ্য বহন করে। এটি সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২ (খ) এ অসদাচরণের সংজ্ঞাভুক্ত অপরাধ এবং বিধি ৩ (খ) ও (ঘ) এর অধীন শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৬। যেহেতু, উল্লিখিত অভিযোগ ও দুর্নীতি দমন কমিশন এর অনুরোধের ভিত্তিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' এবং 'দুর্নীতি'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২/২০২২ রুজু করে ০৩-০৪-২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০১.৩১.২৮৩.১৬-৬৮২ নং স্মারকের মাধ্যমে অভিযোগনামা এবং অভিযোগ বিবরণী গঠনপূর্বক তাঁর নিকট প্রেরণ করা হয়; এবং

০৭। যেহেতু, তিনি অভিযোগনামা এবং অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য অনুরোধ করেন; তাঁর আবেদন অনুযায়ী বিগত ২৪-০৪-২০২২ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; ব্যক্তিগত শুনানি অন্তে তাঁর বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলার অভিযোগের বিষয়ে বিস্তারিত তদন্ত হওয়া প্রয়োজন মর্মে প্রতীয়মান হওয়ায় এবং অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ (২) (ঘ) মোতাবেক জনাব মোঃ মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব), স্বাস্থ্য শাখা, জনাব আব্দুল মুমিন, সহকারী মহাপরিদর্শক (সেইফটি), সেইফটি শাখা এবং জনাব মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ), প্রশাসন ও উন্নয়ন শাখা এর সমন্বয়ে তদন্ত বোর্ড গঠন করা হয়; এবং

০৮। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) মোতাবেক আনীত 'অসদাচরণ' ও দুর্নীতিপরায়নতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় মর্মে উল্লেখ করা হয়; এবং

০৯। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত চূড়ান্ত সিদ্ধান্ত/মতামতের আলোকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও (ঘ) অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এই অভিযোগে দোষী সাব্যস্ত করে তাঁর বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭ (৯) অনুযায়ী কেন তাকে "চাকরি হতে বরখাস্ত" করা হবে না বা বিধিতে বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব প্রদানের জন্য নির্দেশনা দিয়ে ২৪-১১-২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০১.৩১.২৮৩.১৬-১৫৬৫ নং স্মারকের মাধ্যমে তাঁর বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। গত ০৪-১২-২০২২ তারিখ স্বাক্ষরিত একটি পত্রের মাধ্যমে তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন; এবং

১০। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ) (সাময়িক বরখাস্ত), উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর কর্তৃক দাখিলকৃত দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩ (খ) ও (ঘ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এবং 'দুর্নীতি পরায়ণতা'-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে গুরুদণ্ড আরোপের প্রস্তাবিত দণ্ড হ্রাস করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪ (২) (ঘ) অনুযায়ী ০৩ (তিন) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড আরোপ করা হল এবং একইসাথে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী "তিরস্কার" করা হল। জনাব তপন রায়, শ্রম পরিদর্শক (সাধারণ) (সাময়িক বরখাস্ত), উপমহাপরিদর্শকের কার্যালয়, রংপুর এর বর্তমান বেতন স্কেল ১০ম গ্রেড (১৬,০০০-৩৮,৬৪০/-) এবং মূল বেতন ২২,৫৫০ (বাইশ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা। অবনমিত ধাপে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য বর্তমান বেতন স্কেলে তাঁর মূল বেতন হবে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা। বেতন অবনমিতকরণকালের সমাপ্তিতে অবনমিতকরণের পূর্ববর্তীকাল এবং অবনমিতকরণকাল আংশিক বা সম্পূর্ণভাবে বা আদৌ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না। বেতন অবনমিতকরণকালের সমাপ্তিতে তিনি মূল বেতন ১৬,০০০/- (ষোল হাজার) টাকা হতে বিধি মোতাবেক পুনরায় ইনক্রিমেন্ট বা বার্ষিক বেতন বৃদ্ধি সুবিধা প্রাপ্ত হবেন। একইসাথে ৩১-০৩-২০২২ তারিখের ৪০.০১.০০০০.১০১.২৭.০০৩.১৭.১২২ নং স্মারকে প্রদত্ত তাঁর "সাময়িক বরখাস্ত" আদেশ প্রত্যাহার করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নাসির উদ্দিন আহমেদ**
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)।

---

**খাদ্য অধিদপ্তর**
**প্রশাসন বিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ জানুয়ারি ২০২৩

নং **১৩.০১.০০০০.০৩১.১৯.০০৫.১৬.৮৭**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদ ও স্থানে বদলি/সংযুক্তি প্রদান করা হলো:

(১) জনাব মুহম্মদ মামুন হোসেন, সহকারী ব্যবস্থাপক, আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভেদরগঞ্জ, শরীয়তপুর।

(২) জনাব মোঃ মুশফিকুর রহমান, সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, অম্বিকাপুর এলএসডি, ফরিদপুর—সহকারী ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি, নারায়ণগঞ্জ।

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা এর অনুচ্ছেদ-২ এর "ক" অনুযায়ী প্রশাসনিক প্রয়োজনে তাদের নামের পাশে উল্লিখিত পদ ও স্থানে বদলি/পদায়ন করা হলো। বর্ণিত কর্মকর্তাদের দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ প্রক্রিয়া খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা এর (৩) অনুচ্ছেদ অনুযায়ী কার্যকর হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ১৭ জানুয়ারি ২০২৩

নং **১৩.০১.০০০০.০৩১.৩২.০৩০.২২.১০১**—নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাদের নামে পাশে উল্লিখিত পদ ও স্থানে প্রশাসনিক কারণে বদলি করা হলো:

জনাব সাইদুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আগৈলঝড়া, বরিশাল।

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা অনুযায়ী বদলি করা হলো। বর্ণিত কর্মকর্তার দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ প্রক্রিয়া খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা অনুযায়ী কার্যকর হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ১৬ জানুয়ারি ২০২৩

নং **১৩.০১.০০০০.০৩১.১৯.০১৭.১৫.৯১**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

(১) জনাব মোঃ খবির উদ্দিন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বানিয়াচং, হবিগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বেগমগঞ্জ, নোয়াখালী।

(২) জনাব আবু হেনা মোস্তফা কালাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হাতিবান্ধা, লালমনিরহাট—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

(৩) জনাব খোন্দকার মোস্তাফিজুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বোয়ালখালী, চট্টগ্রাম—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফটিকছড়ি, চট্টগ্রাম।

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা এর অনুচ্ছেদ-২ এর 'ক' অনুযায়ী বদলি করা হলো। বর্ণিত কর্মকর্তার দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ প্রক্রিয়া খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা এর (৩) অনুচ্ছেদ অনুযায়ী কার্যকর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

নং **১৩.০১.০০০০.০৩১.১৯.১০৪.১৬.৯২**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পাশে উল্লিখিত পদ ও স্থানে বদলি করা হলো:

(১) জনাব বাদল কুমার বিশ্বাস, সহকারী নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বটিয়াঘাটা, খুলনা।

(২) জনাব মোঃ সাইফুজ্জামান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নন্দীগ্রাম, বগুড়া—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাহালু, বগুড়া।

(৩) জনাব মোঃ মাহবুবুল আলম তরফদার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরিষাবাড়ী, জামালপুর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ইসলামপুর, জামালপুর।

(৪) জনাব মোঃ লুৎফর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর, শেরপুর—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ, নেত্রকোণা।

(৫) জনাব মোহাম্মদ খলিলুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, করিমগঞ্জ, কিশোরগঞ্জ—উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর, শেরপুর।

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা এর অনুচ্ছেদ-২ এর 'ক' অনুযায়ী প্রশাসনিক প্রয়োজনে বদলি করা হলো। বর্ণিত কর্মকর্তার দায়িত্বভার হস্তান্তর ও গ্রহণ প্রক্রিয়া খাদ্য অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের বদলি/পদায়ন নীতিমালা এর (৩) অনুচ্ছেদ অনুযায়ী কার্যকর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**মামুন আল মোর্শেদ চৌধুরী**
উপপরিচালক (সংস্থাপন)।

## কারা অধিদপ্তর

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ পৌষ ১৪২৯/০৮ জানুয়ারি ২০২৩

নং **৫৮.০৪.০০০০.০২২.০১.০০১.২০২৩-১৫**—নিম্নবর্ণিত উপ-তত্ত্বাবধায়ক/জেলার/জেলার (ভারপ্রাপ্ত)গণকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থল ও পদে বদলি করা হলো:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল ও পদ |
|---|---|---|---|---|
| ১. | *** | *** | *** | *** |
| ৭. | জনাব মোঃ তারেক কামাল | নওগাঁ | রাজশাহী কেন্দ্রীয় কারাগার | ফরিদপুর জেলা কারাগার |
| ১৫. | *** | *** | *** | *** |

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ এস এম আনিসুল হক**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।

## কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

**প্রজ্ঞাপন**

তারিখ: ১ ফেব্রুয়ারি ২০২৩

নং **০৮.০১.৬০০০.০০৪.১৯.০৩৮.১১(অংশ-২)/৪৪৭**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটের নিম্নেবর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো:

| ক্র. নং | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | নতুন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১০ | (২) | (৩) | (৪) |
| ১. | জনাব মোঃ নাসিরুল হক<br>১০-১০-১৯৮৬ | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট। | ভোলাগঞ্জ এলসি স্টেশন। |
| ২. | জনাব মোহাম্মদ শাহাদাত হোসেন<br>২৩-১২-১৯৮৬ | ভোলাগঞ্জ এলসি স্টেশন। | বিমানবন্দর ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট। |
| ৩. | জনাব জেসমিন বেগম<br>০১-০১-১৯৯০ | ভোলাগঞ্জ এলসি স্টেশন। | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট |
| ৪. | জনাব নূর-এ-আলম<br>০৬-১০-১৯৯০ | কমিশনার মহোদয়ের প্রটোকল অফিসার ও আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট | তামাবিল এলসি স্টেশন, অতিরিক্ত দায়িত্ব, সদর দপ্তর, সিলেট। |
| ৫. | জনাব ন. ঈ. ম আবদুল্লাহ<br>০৯-০৯-১৯৮৯ | ভোলাগঞ্জ এলসি স্টেশন। | আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট। |
| ৬. | জনাব নাজমুল হোসাইন<br>০১-০১-১৯৯১ | সদর দপ্তর, সিলেট | ভোলাগঞ্জ এলসি স্টেশন। |

এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মুহাম্মদ রাশেদুল আলম**
অতিরিক্ত কমিশনার
কমিশনারে পক্ষে।

---

## বিভাগীয় কমিশনারের কার্যালয়
## রংপুর বিভাগ, রংপুর
## রাজস্ব শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ মাঘ ১৪২৯/৩০ জানুয়ারি ২০২৩

নং **০৫.৪৭.০০০০.০০৮.০১.০০৩.২২.৪৯**—ভূমি মন্ত্রণালয়ের ১২-০১-২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫৬.১৯.০০১.২২.১৪ নং প্রজ্ঞাপনমূলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে রংপুর বিভাগ, রংপুরে ন্যস্ত করায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত তার নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো:

| ক্রঃ | কর্মকর্তার নাম ও বর্তমান কর্মস্থল | পরিচিতি | নিজ জেলা | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মাঈদুল ইসলাম<br>(সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পরবর্তী পদায়নের জন্য এ কার্যালয়ে যোগদানকৃত) | ১৮৫৩৪ | কুড়িগ্রাম | উপজেলা ভূমি অফিস<br>কাহারোল, দিনাজপুর |

০২। বর্ণিত কর্মকর্তাকে স্ব অধিক্ষেত্রে রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

০৩। বর্ণিত কর্মকর্তাকে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত এ কার্যালয় হতে ৩০-০১-২০২৩ তারিখ অপরাহ্নে অবমুক্ত করা হলো। এ কার্যালয়ে অবস্থানকালে তিনি কোনো বেতন ভাতাদি গ্রহণ করেননি।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মো: সাবিরুল ইসলাম**
বিভাগীয় কমিশনার।

---

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
## এস এ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ মাঘ ১৪২৯/০২ ফেব্রুয়ারি ২০২৩

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.২২.৪৬**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব এম. সাইফুল্লাহ (১৮৩৫২)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-সাতক্ষীরা<br>স্পাউসের জেলা- সাতক্ষীরা | উপজেলা ভূমি অফিস<br>কয়রা, খুলনা | উপজেলা ভূমি অফিস<br>বাগেরহাট সদর, বাগেরহাট |

০২। বর্ণিত কর্মকর্তা নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ভূপালী সরকার**
সিনিয়র সহকারী কমিশনার।

**রাজস্ব শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ পৌষ ১৪২৯/১০ জানুয়ারি ২০২৩

নং **০৫.৪৪.০০০০.০০২.১২.০০১.১৭.৩৫**—পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে বর্ণিত উপজেলা ভূমি অফিসে সহকারী কমিশনার (ভূমি) পদে নির্দেশক্রমে এতদ্বারা বদলি/পদায়ন করা হলো :

| ক্রঃ | কর্মকর্তার নাম ও পরিচিতি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ রিফাতুল ইসলাম (১৮৮০৮)<br>সহকারী কমিশনার (ভূমি)<br>নিজ জেলা-মাগুরা<br>স্পাউসের জেলা- রাজবাড়ী | বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা গত ২৯-১২-২০২২ তারিখে ভূমি মন্ত্রণালয়ের ৩১.০০.০০০০.০৫৬.১৯.০০১.২২-৩৯৫ নং প্রজ্ঞাপনমূলে ন্যস্তকৃত | উপজেলা ভূমি অফিস<br>দেবহাটা, সাতক্ষীরা |

০২। বর্ণিত কর্মকর্তাকে নিজ অধিক্ষেত্রে দায়িত্ব পালনের নিমিত্ত সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে সার্টিফিকেট অফিসারের ক্ষমতা অর্পণের মঞ্জুরি জ্ঞাপন করা হলো। তিনি ১২-০১-২০২৩ খ্রি. তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ভুপালী সরকার**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট**

**সাধারণ শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ পৌষ ১৪২৯/১২ জানুয়ারি ২০২৩

**নং ০৫.৪৬.০০০০.০০৮.১১.০০১.০৭.২৮**—জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার এর ২০-১০-২০২২ খ্রি. তারিখের ০৫.৪৬.৫৮০০. ০১৩.০৬.০০১.১৮-১০৮৬ নং স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কারা বিধির ১ম খণ্ডের ৫৬(১) ও ৫৬(২) বিধি মোতাবেক নিম্নবর্ণিত মাননীয় সংসদ সদস্য ও বিশিষ্ট ব্যক্তিবর্গকে মৌলভীবাজার জেলা কারাগারে বেসরকারী কারা পরিদর্শক নিয়োগ করা হলো।

কারা বিধি ৫৬ (১) ধারা

নিয়োগ কাল: বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য

(০১) জনাব উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৪।

(০২) জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৩

কারা বিধি ৫৬ (২) ধারা

নিয়োগ কাল: বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য

(০১) জনাব আজমল হোসেন, পিতা মৃত আব্দুল কাদির, সাং-উত্তর মুলাইল, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

(০২) জনাব অপূর্ব কান্তি ধর, পিতা-মৃত উদয় চাঁদ ধর, সাং-মোস্তফা ভবন, ১/ক মাঝেরহাটি সড়ক, সৈয়ারপুর, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

(০৩) জনাব সৈয়দ নওশের আলী খোকন, পিতা মৃত সৈয়দ আশরাফ আলী, সাং-৩৬ শ্রীমঙ্গল রোড, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

(০৪) জনাব এডভোকেট রাধাপদ দেব সজল, পিতা মৃত গোপেশ চন্দ্র দেব, সাং-ফরেস্ট অফিস রোড, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

(০৫) জনাব মোঃ আখতারুজ্জামান, পিতা মৃত-মোঃ কামরুজ্জামান, সাং-সুনাবান বিবি সড়ক, সৈয়ারপুর, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

(০৬) জনাব ফারিয়া হাসান, স্বামী-মোজাম্মেল হক রাব্বি, সাং-সোনাপুর, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

(০৭) জনাব রোকেয়া মাহবুব চৌধুরী, স্বামী-মাহবুবুল আলম, সাং-শমসেরনগর রোড, ডাক ও থানা-মৌলভীবাজার, জেলা-মৌলভীবাজার।

০২। কারা বিধি অনুযায়ী বেসরকারী কারা পরিদর্শকগণ নির্ধারিত কারাগার পরিদর্শন করে কারাবন্দীদের কল্যাণে ভিজিটর্স বহিতে তাদের সুচিন্তিত মতামত বা সুপারিশ প্রদান করবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মুহাম্মদ মোশাররফ হোসেন**
বিভাগীয় কমিশনার।

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়**
**মুন্সীগঞ্জ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২২.৫০**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর উপবিধি (১) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩ এর নির্দেশনা মোতাবেক আমি, মোহাম্মদ বশির আহমেদ, জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ এতদ্বারা মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাঘড়া ইউনিয়ন পরিষদের ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এর শূন্য পদের উপনির্বাচন পরিচালনার উদ্দেশ্যে ০২ নং কলামের উল্লিখিত কর্মকর্তাকে ০৩ নং কলামে বর্ণিত এলাকার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করলাম।

**"ছক"**

| ক্রমিক নং | রিটার্নিং অফিসারের পদবি | দায়িত্বপ্রাপ্ত এলাকা |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাচন অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ জেলাধীন শ্রীনগর উপজেলার বাঘড়া ইউনিয়ন পরিষদের ৩ নং সংরক্ষিত ওয়ার্ডের ভোটার এলাকা। |

**মোহাম্মদ বশির আহমেদ**
জেলা নির্বাচন অফিসার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২২.৫১**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২৩ জানুয়ারি ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩ সংখ্যক পত্র। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার নির্বাচনযোগ্য বাঘড়া ইউনিয়ন পরিষদের ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এর শূন্য পদে উপনির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে :

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ | রবিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ ফেব্রুয়ারি ২০২৩ | সোমবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ ফেব্রুয়ারি ২০২৩ | সোমবার |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ১৬ মার্চ ২০২৩ | বৃহস্পতিবার |
| বাঘড়া ইউনিয়ন পরিষদের ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। | | | | |

ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮.৩০ টা হতে বিকাল ০৪.৩০টা পর্যন্ত

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

**মোহাম্মদ বশির আহমেদ**
জেলা নির্বাচন অফিসার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২৩.৪৬**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর উপবিধি (১) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২১-১৪, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩ এর নির্দেশনা মোতাবেক আমি, মোহাম্মদ বশির আহমেদ, জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ এতদ্বারা মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) সাধারণ নির্বাচনের লক্ষ্যে ৪ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদের জন্য ৫নং কলামে বর্ণিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করলাম :

| ক্র: নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | রিটার্নিং অফিসারের পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | মুন্সীগঞ্জ | টংগিবাড়ী | পাঁচগাঁও | উপজেলা নির্বাচন অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ |

**মোহাম্মদ বশির আহমেদ**
জেলা নির্বাচন অফিসার।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২৩.৪৭**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২৩ জানুয়ারি ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১. ০১৮.২১-১৪ সংখ্যক পত্র। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার নির্বাচনযোগ্য পাঁচগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে সাধারণ নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ ফেব্রুয়ারি ২০২৩ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ (রবিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ ফেব্রুয়ারি ২০২৩ (রবিবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | : | ১৩ মার্চ ২০২৩ (সোমবার) |
| পাঁচগাঁও ইউনিয়ন পরিষদের নির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। | | | |

ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮.৩০ টা হতে বিকাল ০৪.৩০টা পর্যন্ত।

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

**মোহাম্মদ বশির আহমেদ**
জেলা নির্বাচন অফিসার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২২.৪৮**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর উপবিধি (১) এবং নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৪, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩ এর নির্দেশনা মোতাবেক আমি, মোহাম্মদ বশির আহমেদ, জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ এতদ্বারা মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার কাঠাদিয়া শিমুলিয়া ইউনিয়ন পরিষদের ০৪ নং সাধারণ ওয়ার্ডের সদস্য এর শুন্য পদের উপনির্বাচন পরিচালনার উদ্দেশ্যে ০২ নং কলামের উল্লিখিত কর্মকর্তাকে ০৩ নং কলামে বর্ণিত এলাকার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করলাম।

| ক্রমিক নং | রিটার্নিং অফিসারের পদবি | দায়িত্বপ্রাপ্ত এলাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০১ | উপজেলা নির্বাচন অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ | মুন্সীগঞ্জ জেলাধীন টংগিবাড়ী উপজেলার কাঠাদিয়া শিমুলিয়া ইউনিয়ন পরিষদের ৪নং সাধারণ ওয়ার্ডের ভোটার এলাকা |

**মোহাম্মদ বশির আহমেদ**
জেলা নির্বাচন অফিসার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০২.৫৯০০.০০০.৪১.০০১.২২.৪৯**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২৩ জানুয়ারি ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১. ০১৮.২১-১৪ সংখ্যক পত্র। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার নির্বাচনযোগ্য কাঠাদিয়া শিমুলিয়া ইউনিয়ন পরিষদের ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য এর শুন্য পদে উপনির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ ফেব্রুয়ারি ২০২৩ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ (রবিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ ফেব্রুয়ারি ২০২৩ (রবিবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | : | ১৩ মার্চ ২০২৩ (সোমবার) |
| কাঠাদিয়া শিমুলিয়া ইউনিয়ন পরিষদের ৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচন ইভিএম এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। | | | |

ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮.৩০ টা হতে বিকাল ০৪.৩০ টা পর্যন্ত।

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

**মোহাম্মদ বশির আহমেদ**
জেলা নির্বাচন অফিসার।

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, নেত্রকোণা।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৯ মাঘ ১৪২৯/০২ ফেব্রুয়ারি ২০২৩

**নং ১৭.০৯.৭২০০.০০০.৪১.০০৬.২২-৬৫**—নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলার কান্দিউড়া ইউনিয়ন পরিষদ এর ০২ নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচন পরিচালনার জন্য ০৬নং কলামে উল্লিখিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল নম্বর | ইমেইল |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১. | কেন্দুয়া | কান্দিউড়া | সাধারণ সদস্য | ০২ | জনাব মোহাম্মদ হাবিবুর রহমান উপজেলা নির্বাচন অফিসার কেন্দুয়া, নেত্রকোণা। | ০১৭১১-৭৮১৩২৩ | ueo.kendua@gmail.com |

তারিখ: ১৭ মাঘ ১৪২৯/৩১ জানুয়ারি ২০২৩

**নং ১৭.০৯.৭২০০.০০০.৪১.০০৬.২২-৬২**—নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে নেত্রকোণা জেলার দূর্গাপুর উপজেলার বাকলজোড়া ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান পদে উপনির্বাচন পরিচালনার জন্য ০৫নং কলামে উল্লিখিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | কর্মকর্তার নাম ও পদবি | মোবাইল নম্বর | ইমেইল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | দূর্গাপুর | বাকলজোড়া | চেয়ারম্যান | জনাব তপন চন্দ্র শীল উপজেলা নির্বাচন অফিসার দূর্গাপুর, নেত্রকোণা | ০১৭২৫-৭৫৮০৮৫ | taponsharmasharma@gmail.com |

**আব্দুল লতিফ শেখ**
জেলা নির্বাচন অফিসার।

---

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ফেনী।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৯ মাঘ ১৪২৯/০২ ফেব্রুয়ারি ২০২৩

**নং ১৭.১০.৩০০০.০০০.৪১.০০১.২৩-৪৮**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২৩ জানুয়ারি ২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩ এর নির্দেশনা অনুযায়ী ফেনী জেলার ফুলগাজী উপজেলার ফুলগাজী ইউনিয়নের ০৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচন পরিচালনার জন্য ০৬নং কলামে বর্ণিত কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করলাম:

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | পদের নাম | রিটানিং অফিসার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ফেনী | ফুলগাজী | ফুলগাজী | ০৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য | উপজেলা নির্বাচন অফিসার, ফুলগাজী, ফেনী |

**নং ১৭.১০.৩০০০.০০০.৪১.০০১.২৩.৪৯—নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৮.২২-১৩**, তারিখ: ২৩ জানুয়ারি ২০২৩ খ্রিঃ এর নির্দেশনা মতে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী ফেনী জেলাধীন ফুলগাজী উপজেলার ফুলগাজী ইউনিয়নের ০৩নং নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপনির্বাচন পরিচালনার জন্য মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক জারীকৃত সময়সূচি ঘোষণা করিতেছি :

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৯ ফেব্রুয়ারি ২০২৩ (রবিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২০ ফেব্রুয়ারি ২০২৩ (সোমবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৭ ফেব্রুয়ারি ২০২৩ (সোমবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | : | ১৬ মার্চ ২০২৩ (বৃহস্পতিবার) |

উল্লিখিত ফুলগাজী উপজেলার ফুলগাজী ইউনিয়নের ০৩ নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচন ইভিএম এর মাধ্যমে সকাল ০৮.৩০ টা হতে বিকাল ০৪.৩০টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

**মোহাম্মদ নাছির উদ্দিন পাটওয়ারী**
জেলা নির্বাচন অফিসার।

**জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**
**কেস নং ০৩/২০১১-১২**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১ (২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ ইং সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ ইং সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্ব প্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল:

**তফসিল**

মৌজা: শুন্যচর, জে.এল নং-৫৬/৩৫, উপজেলা-হাতিয়া, জেলা-নোয়াখালী

| খতিয়ান নং (দিয়ারা) | দাগ নং (দিয়ারা) | দাগের মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ৪০১ | ৪২৬২ | ৪.০৯ | ২.৮৩ |
| ৩৩৯ | ৪২৮৩ | ২.০৭ | ২.০৭ |
| ৩৩৮ | ৪২৮৪ | ০.১০ | ০.১০ |
| | | মোট= | ৫.০০ একর |

**মোঃ সিরাজুল ইসলাম**
জেলা প্রশাসক।

---

**পুলিশ হেডকোয়ার্টার্স**

**অফিস আদেশ**

তারিখ, ১৯ জানুয়ারি ২০২৩

**নং ৪৪.০১.০০০০.০৫২.১৯.০০৫.২০২২-৩৯০**—পুলিশ হেডকোয়ার্টার্সে যোগদানকৃত নিম্নবর্ণিত অতিরিক্ত পুলিশ সুপারদ্বয়কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নামের পার্শ্বে বর্ণিত শাখায় পদায়ন করা হলো:

(১) জনাব মোহাম্মদ রেজা সারোয়ার, বিপি-৮১১২১৪৭৭৮৫, অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা —পিআইএমএস।
(২) জনাব মোঃ আনিছুর রহমান, বিপি-৯০১৬১৭৮৪২৫, অতিরিক্ত পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা—ল্যান্ড অ্যান্ড এস্টেট।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**চৌধুরী আবদুল্লাহ আল-মামুন,** বিপিএম (বার), পিপিএম
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ।

তারিখ: ০১ মাঘ ১৪২৯/১৫ জানুয়ারি ২০২৩

**নং ৪৪.০১.০০০০.০০৯.০৮.০০১.২২-২১/১(১৩)**—সরকারি চাকরি আইন-২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(ক) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/ ২০১০(অংশ-৩)/৬২, তারিখ-০৬-০৪-২০১০ খ্রি. এর সিদ্ধান্ত মোতাবেক পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার জন্ম তারিখ অনুযায়ী বয়স ৫৯ বছর পূর্তিতে নামের পার্শ্বে বর্ণিত তারিখে অবসর এবং ১২ (বার) মাস পূর্ণ গড়বেতনে অবসর উত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হলো।

| কর্মকর্তার নাম ও পদবি | জন্ম তারিখ | অবসর ও অবসর উত্তর ছুটির তারিখ |
|---|---|---|
| জনাব নাসিমা খানম সিআইডি-৬৪৮৭১২৭১৮৪ প্রশাসনিক কর্মকর্তা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা। | ০২-০২-১৯৬৪ খ্রি. | বয়স ৫৯ বছর পূর্তিতে ০১-০২-২০২৩ খ্রি. অবসর এবং ০২-০২-২০২৩ খ্রি. হতে ০১-০২-২০২৪ খ্রি. পর্যন্ত ১২ (বার) মাসের পূর্ণ গড়বেতনে অবসর-উত্তর ছুটি (PRL)। |

প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

**এস এম মোস্তাক আহমেদ খান,** বিপিএম, পিপিএম-বার
ডিআইজি (সদর দপ্তর)।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নাঙ্গলকোট, কুমিল্লা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩০ জানুয়ারি ২০২৩ খ্রি.

**নং ০৫.৪২.১৯৮৭.০০০.০৮.০০১.২১-১২২**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলাধীন ১৫ নং বক্সগঞ্জ ইউনিয়ন পরিষদের সাধারণ ০১ (এক) নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ সরোয়ার, পিতাঃ মোঃ এছাহাক মিয়া, মাতা-মোসাঃ সাফিয়া খাতুন, গ্রাম-আলীয়ারা, পোঃ আজিয়ারা, উপজেলা-নাঙ্গলকোট, জেলা-কুমিল্লা গত ২ জানুয়ারি, ২০২৩ খ্রি. তারিখ মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি .................. রাজিউন)।

অতএব, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারার আলোকে মৃত্যুজনিত কারণে তার সদস্য পদটি শুন্য হওয়ার একই আইনের ৩৫(২) ধারার ক্ষমতাবলে আমি মোঃ রায়হান মেহেবুব, উপজেলা নির্বাহী অফিসার, নাঙ্গলকোট, কুমিল্লা, বক্সগঞ্জ ইউনিয়ন পরিষদের ০১ (এক) নং ওয়ার্ডের সদস্য পদটি তার মৃত্যু তারিখ হতে শুন্য ঘোষণা করলাম।

**মোঃ রায়হান মেহেবুব**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কেন্দুয়া, নেত্রকোণা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৯ জানুয়ারি ২০২৩ খ্রি.

**নং ০৫.৪৫.৭২৪৭.০০১.০৭.০০৫.২৩-৮৭(১৫)**—নেত্রকোণা জেলার কেন্দুয়া উপজেলাধীন ১০ নং কান্দিউড়া ইউনিয়ন পরিষদের ০২ (দুই) নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য জনাব আবু হারেছ মিয়া, পিতা: মো: আব্দুল মন্নাফ, মাতা-মোছা: জাহেরা খাতুন, গ্রাম-দীঘলকুর্শা, ডাকঘর: নওপাড়া, উপজেলা-কেন্দুয়া, জেলা-নেত্রকোণা গত ২৭ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখে মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি..................রাজিউন)।

আমি কাবেরী জালাল, উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোণা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারার বিধান মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলাধীন ১০ নং কান্দিউড়া ইউনিয়ন পরিষদের ০২(দুই) নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদ মৃত্যুজনিত কারণে ২৭ জানুয়ারি ২০২৩ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**কাবেরী জালাল**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**কাশিয়ানী, গোপালগঞ্জ**

**গণবিজ্ঞপ্তি**

তারিখ, ০৮ মাঘ ১৪২৯ বঃ/২২ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৩০.৩৫৪৩.০০২.০১.০১৮.১৫-৩৮**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলাধীন কাশিয়ানী উপজেলার ০৩ নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের নির্বাচিত সংরক্ষিত আসনের সদস্য জনাব প্রিয়াংকা মন্ডল, পিং-নিরোদ মন্ডল, সাং-জিকাবাড়ী, পোঃ ডোমরাকান্দি, উপজেলা-কাশিয়ানী, জেলা-গোপালগঞ্জ বিগত ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি. (০৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ) তারিখ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চাকুরি পাওয়ার কারণে স্বেচ্ছায় পদত্যাগ করেছেন।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ক) ধারা মোতাবেক স্বেচ্ছায় পদত্যাগ করার কারণে কাশিয়ানী উপজেলার ০৩ নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদের ৪, ৫ ও ৬ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের সদস্য পদ শূন্য ঘোষণা করা হলো।

**মোঃ মেহেদী হাসান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**দৌলতখান, ভোলা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১২ মাঘ ১৪২৯ বঃ/২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.

**নং ০৫.১০.০৯২৯.০০০.৩৬.০০২.২১-৪৬**—ভোলা জেলার দৌলতখান উপজেলাধীন ০৩ নং চরপাতা ইউনিয়ন পরিষদ এর নির্বাচিত চেয়ারম্যান জনাব কাজল ইসলাম তালুকদার, পিতা: মৃত নুরুল হক তালুকদার, গ্রাম-পূর্ব চরপাতা, ইউনিয়ন-চরপাতা, উপজেলা-দৌলতখান, জেলা-ভোলা গত ২৩-০১-২০২৩ খ্রি. তারিখে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি..................রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(১)(ঙ) এর ধারা মোতাবেক চেয়ারম্যান পদ শুন্য হওয়ায় একই আইনের ৩৫(২) উপ ধারার ক্ষমতাবলে আমি পাঠান মোঃ সাইদুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে এ বিজ্ঞপ্তি জারি করে গত ২৩-০১-২০২৩ খ্রি. তারিখ হতে চরপাতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

**পাঠান মোঃ সাইদুজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।**
**ভূমি অধিগ্রহণ শাখা-০৪**
**অধিগ্রহণ মামলা নং-০৪.২০.১৬/২০২০-২০২১**
**ফরম 'ঘ'**
**ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩(২) ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে অনুমিত হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩(২) নং ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা-ঢাকা, থানা-চকবাজার, মৌজা-লালবাগ, জে এল নং-০৮।

| সিটি দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৯২৩৭ (পূর্ণ) | ০.০৪৫২ | ০.০৪৫২ |
| | সর্বমোট জমির পরিমাণ = | ০.০৪৫২ একর |

**শাহনাজ সুলতানা**
অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**অধিগ্রহণ মামলা নং-১০/২০১৮-২০১৯**
**ফরম-ঘ**
**(৫নং বিধি দ্রষ্টব্য)**
**সংশোধিত ঘোষণা**
**[১৩(২) ধারা মোতাবেক]**

বিগত ৩০-০৯-২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ গেজেটে ১২৭৭ ও ১২৭৮ নং পৃষ্ঠায় প্রকাশিত "জে.এল নং-০৭ এর স্থলে ০১ এবং ২৩৮৩ নং দাগের কলামে খতিয়ান নং-২৩৮৩ এর স্থলে ৮৯" অংশটুকু প্রতিস্থাপিত হবে।

**শ্রাবন্তী রায়**
জেলা প্রশাসক।